

ঢাকা ওয়াসা

(৯)
(২)

২০২৬-২৭ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: মডস জোন-১০ অফিস কম্পাউন্ডের হেলে পড়া বড় গাছ কাটা, ঘাস কাটা, ময়লা আবর্জনা পরিষ্কার করণ ও সৌন্দর্য বর্ধন কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মডস জোন-১০ অফিস কম্পাউন্ড সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন কালে অফিস কম্পাউন্ডের ভিতরের ময়লা আবর্জনা পরিষ্কার ও ঘাস কাটার জন্য মৌখিক নির্দেশনা প্রদান করেন। অফিস কম্পাউন্ডের ভিতরে গাছ-গাছালি, লতা-পাতা ও ময়লা আবর্জনায় ভরে গেছে। চলমান বর্ষা মৌসুমে বৃষ্টির পানি জমে থেকে এডিস মশার জন্ম হতে পারে। বর্তমানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক এডিস মশার উৎপত্তিস্থল নির্মূলে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অভিযান শুরু করেছে। তাই ঢাকা ওয়াসার সুনাম রক্ষার স্বার্থে অতি জরুরীভাবে উক্ত অফিস কম্পাউন্ড পরিষ্কার করা একান্ত প্রয়োজন। এছাড়া অফিস কম্পাউন্ডে বড় গাছ ঝড়ে ড্রাইভার রুমের উপর হেলে পড়ে ক্ষতিগ্রস্ত হওয়ায় লেবার দ্বারা গাছ কেটে অপসারণ করা হয়েছে। সেই লক্ষ্যে ঢাকা ওয়াসার রেন্ট সিডিউল ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-২)। প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৬,৬০০/- (ছেচল্লিশ হাজার ছয়শত টাকা মাত্র) টাকা। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান আমিন এন্টারপ্রাইজ এর সাথে যোগাযোগ করা হলে, প্রতিষ্ঠানটি উক্ত কাজটি প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি জ্ঞাপন করে। উল্লেখ্য, উক্ত কাজের ব্যয়ভার মডস জোন-১০ এর ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট বরাদ্দের "Office Maintenance" খাতের ক্রমিক নং-২ এর কোড নং-০১-০২-০১২ হতে নির্বাহ করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, মডস জোন-১০ অফিস কম্পাউন্ডের হেলে পড়া বড় গাছ কাটা, ঘাস কাটা, ময়লা আবর্জনা পরিষ্কার করণ ও সৌন্দর্য কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯(১) ড বিধি অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান আমিন এন্টারপ্রাইজ এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পাদন করার জন্য উপস্থাপিত ৪৬,৬০০/- (ছেচল্লিশ হাজার ছয়শত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

23.07.26

Rehana Begum
Sub-Assistant Engineer
MODS Zone-10
Dhaka WASA

23/07/26
Md. Barkatullah
Assistant Engineer
MODS Zone-10
Dhaka WASA

E.E

26/7/25
Md. Asaduzzaman
Executive Engineer
MODS Zone-10, Dhaka WASA.

SEC MODS-2 Sir

24/09/24

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SEC MODS-2

27.07.26
আলমগীর হুসিন
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।